পরীক্ষা প্রস্তুতি

# রেলের গ্রুপ ডি পরীক্ষা প্রস্তুতি

ভারতীয় রেলের কলকাতা, গুয়াহাটি, পাটনা ও রাঁচি সহ বিভিন্ন কারখানা/ইউনিটে ৬২,৯০৭ জন গ্রুপ ডি কর্মী নিয়োগ করা হবে। যাঁরা আবেদন করেছেন, সবার প্রস্তুতির সুবিধার জন্য এই ধারাবাহিক প্র্যাক্টিস সেট।

কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও কাগজপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় ১০০টি প্রশ্ন থাকবে ম্যাথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল সায়েন্স, জেনারেল অ্যাওয়্যারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স- সায়েন্স অ্যান্ড টেকনোলজি, স্পোর্টস, কালচার, পার্সোন্যালিটি, ইকোনমিক্স, পলিটিক্স এবং অন্যান্য যে-কোনো জরুরি বিষয়)— এসবের ওপর। সময় ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং থাকবে, প্রতি ৩টি ভুলের জন্য ১ নম্বর করে কাটা যাবে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষা বিভিন্ন ব্যাচে-ব্যাচে ভাগ করে শুরু হয়েছে ১৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখ থেকে।

**1. স্বাধীনতা সংগ্রামী গৌড় চন্দ্র মহাপাত্র (সম্প্রতি মারা গিয়েছেন) কোন রাজ্যের বাসিন্দা ছিলেন?**

(a) ওড়িশা (b) পশ্চিমবঙ্গ
(c) মণিপুর (d) নাগাল্যান্ড

**2. 'The Twice-Born– Life and Death on the Ganges' বইটির লেখক কে?**

(a) Aga Shahid Ali (b) Amish Tripathi
(c) Abhijit Bhaduri (d) Aatish Taseer

**3. নিচের কোনটি ভেক্টর রাশি?**

(a) বেগ (b) ত্বরণ
(c) মন্দন (d) সবকটি ঠিক

**নির্দেশ (প্রশ্ন 4-6) প্রশ্নে দেওয়া শব্দ দুটির মধ্যে যে সম্পর্ক বর্তমান, নিচের কোন বিকল্পে সেই একই সম্পর্ক আছে তা নির্ণয় করুন।**

**4. ধূমকেতু: উল্কা**

(a) বই: জ্ঞান (b) চিল: কাক
(c) নক্ষত্র:ভাগ্য (d) সরীসৃপ:হামাগুড়ি

**5. আংটি: এনগেজমেন্ট**

(a) করমর্দন:চুক্তি (b) লাঠি: প্রহার
(c) রাগ: অপমান (d) বালা: কবজি

**6. ভালোবাসা: ঘৃণা**

(a) শিক্ষা:নিরক্ষরতা (b) পিতা:পুত্র
(c) রাগ:হিংসা (d) অলস:উদ্যমহীনতা

**7. বিন্স থেকে নিচের কোন গন্ধটি তৈরি করা হয়?**

(a) স্ট্রবেরি (b) চেরি
(c) ভ্যানিলা (d) মিন্ট

**8. 45 লিটার ফেনল গোলা জলে ফেনল ও জলের অনুপাত 2 : 23; ওই ফেনল গোলা জলে আর কত লিটার জল মেশালে ফেনল ও জলের অনুপাত 3 : 37 হবে?**

(a) 1 লিটার (b) 3 লিটার
(c) 2 লিটার (d) 4 লিটার

**9. এক চাল ব্যবসায়ী মোট 200 কেজি চা বিক্রয় করে 10% লাভ করেন। যদি তিনি কিছু চাল 5% ক্ষতিতে এবং বাকি চাল 15% লাভে বিক্রয় করে থাকেন, তবে তিনি কত চাল 5% ক্ষতিতে বিক্রয় করেছিলেন?**

(a) 30 কেজি (b) 40 কেজি
(c) 50 কেজি (d) 52 কেজি

**10. কেউটে যদি সাপের সঙ্গে সম্পর্কযুক্ত হয় তবে চিতাবাঘ কিসের সঙ্গে সম্পর্কযুক্ত?**

(a) বাঘ (b) সিংহ
(c) বিড়াল (d) জেব্রা

**11. 'জিন' শব্দটি কে প্রথম ব্যবহার করেছিলেন?**

(a) জোহানসন (b) চার্লস ডারউইন
(c) স্টিফেন হকিং (d) টমাস এডিসন

**12. নিচের কোনটিকে কোষের শক্তিঘর বলা হয়?**

(a) সাইটোপ্লাজমকে (b) ক্লোরোপ্লাস্টকে
(c) নিউক্লিয়াসকে (d) মাইটোকনড্রিয়াকে

**13. 'Kashi: Secret of the Black Temple' বইটি কার লেখা?**

(a) Vineet Bajpai (b) Navin Chawla
(c) Neeta Gupta (d) Gaurav Bhatia

**14. কোনটি এশিয়ার উচ্চতম আগ্নেয়গিরি শিখর?**

(a) মাউন্ট ফুজি (b) মাউন্ট ডামাভন্দ
(c) মাউন্ট ব্রোমো (d) মাউন্ট টাকাও

**15. 'অ্যাবেল পুরস্কার (Abel Prize) ২০১৮' সম্মান কে পান?**

(a) ইভেস মেয়র (b) আন্দ্রে উইয়লিস
(c) রবার্ট ল্যাংল্যান্ডস (d) ইয়াকোব সিনাই

**16. সম্প্রতি লন্ডনের এশিয়ান চলচ্চিত্র উৎসবে 'ইউকো গোল্ডেন ফ্রেম অ্যাওয়ার্ড' পেলেন কোন ভারতীয় অভিনেত্রী?**

(a) প্রিয়াঙ্কা চোপড়া (b) শ্রীদেবী
(c) সিমি গারওয়াল (d) কোনোটি সঠিক নয়

**17. ফল পাকাতে নিচের কোনটি ব্যবহার করা হয়?**

(a) অ্যাসিটিলিন (b) ইথিলিন
(c) ইনসুলিন (d) কোনোটি সঠিক নয়

**18. চলতি বছরের মার্চ মাসে জি২০ মন্ত্রিসভার বৈঠক কোথায় অনুষ্ঠিত হয়?**

(a) আর্জেন্টিনার বুয়েনস এয়ার্সে (b) ব্রাজিলের রিও ডি জেনেরিওতে
(c) ফ্রান্সের প্যারিসে (d) মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কে

**19. উচ্চ রক্তচাপের রোগীদের নিচের কোন তেল খেতে বারণ করা হয়?**

(a) নারকেল তেল (b) বাদাম তেল
(c) সরষের তেল (d) সূর্যমুখী তেল

**20. নিচের কোনটি উৎপাদন করা যকৃতের কাজ?**

(a) ইউরিয়া (b) মিউকাস
(c) হাইড্রোক্লোরিক অ্যাসিড (d) কোনোটি সঠিক নয়

**21. সম্প্রতি চালু হওয়া 'ই-সহজ' পোর্টালের উদ্দেশ্যে কী?**

(a) Security clearance to businesses
(b) Easy approval to manufacturing units
(c) E-filling of Income Tax returns
(d) Easy approval to manufacturing units

**22. ২০১৮ কমনওয়েলথ গেমসে ভারতীয় দলের পতাকার বাহক কে ছিলেন?**

(a) সাইনা নেহওয়াল (b) পি ভি সিন্ধু
(c) ববিতা কুমারী (d) দীপিকা কুমারী

**23. ইলেক্ট্রিক বাল্বের ভিতরে কোন গ্যাস থাকে?**

(a) অক্সিজেন (b) কার্বন-ডাই-অক্সাইড
(c) হিলিয়াম (d) নাইট্রোজেন

**24. সম্প্রতি প্রকাশিত 'তেজস্বিনী ও শবনম' উপন্যাসটি কার লেখা?**

(a) রভীশ কুমার (b) কুনাল বসু
(c) ঝুম্পা লাহিড়ি (d) মহাশ্বেতা দেবী

**25. সম্প্রতি কোন দেশে প্রথম হাইড্রোজেন চালিত ট্রেন চালু করা হয়েছে?**

(a) ইতালি (b) নরওয়ে
(c) জার্মানি (d) ডেনমার্ক

**26. বিশ্বের উচ্চতম গাছ 'স্ট্র্যাটোস্ফিয়ার জায়ান্ট' কোন দেশে অবস্থিত?**

(a) মার্কিন যুক্তরাষ্ট্র (b) অস্ট্রেলিয়া
(c) শ্রীলঙ্কা (d) থাইল্যান্ড

**27. কোনো রাজ্যের বর্তমান লোকসংখ্যা 80000000. প্রতিবছর ওই বছরের শুরুতে যে লোকসংখ্যা থাকে বছরের শেষে তার 2% বৃদ্ধি পায়। তবে 3 বছর পরে ওই রাজ্যের লোকসংখ্যা কত হবে?**

(a) 84896650 (b) 84896640
(c) 84896540 (d) 94896640

**28. হিন্দি ভাষাকে রাজ ভাষা হিসেবে প্রসারের উদ্দেশ্যে প্রতি বছর ১৪ সেপ্টেম্বর 'হিন্দি দিবস' পালন করা হয়। কত সালে সাংবিধানিক সভায় এই উদ্দেশ্য পোষণ করা হয়?**

(a) ১৯৫০ সালে (b) ১৯৪৮ সালে
(c) ১৯৪৯ সালে (d) ১৯৫১ সালে

RICE EDUCATION

**29. ব্রিজ কাতিয়াল (সম্প্রতি মারা গিয়েছেন) নিম্নলিখিত কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত?**

(a) চলচ্চিত্র জগত (b) রাজনীতি
(c) ক্রীড়াজগত (d) কোনোটি সঠিক নয়

**30. ভারতের প্রথম 'ট্রাইবাল সার্কিট ট্যুরিজম প্রোজেক্ট' কোন রাজ্যে চালু হয়?**

(a) অসম (b) রাজস্থান
(c) মধ্য প্রদেশ (d) ছত্তিশগড়

## ANSWERS

1. (a) 2. (d) 3. (d) 4. (b) 5. (a) 6. (a) 8. (b) **সমাধান**: ফেনল : জল = 2 : 23

$\therefore$ 45 লিটার ফেনল গোলা জলে,

ফেনলের পরিমাণ = $\frac{2}{\cancel{25}_5}\times\cancel{45}^9=\frac{18}{5}$ লিটার

জলের পরিমাণ = $\frac{23}{\cancel{25}_5}\times\cancel{45}^9=\frac{207}{5}$ লিটার

মনে করুন, আর x লিটার জল মেশালে ফেনল 3 : 37 হবে।

$\therefore \frac{\frac{18}{5}}{\frac{207}{5}+x}=\frac{3}{37}$

বা, $\frac{18}{207+5x}=\frac{3}{37}$

বা, $\frac{6}{207+5x}=\frac{1}{37}$

বা, 207 + 5x = 222

বা, 5x = 222 – 207 = 15

$\therefore x=\frac{15}{5}=3$

$\therefore$ 3 লিটার জল মেশাতে হবে।

9.(c) **সমাধান**: মনে করুন, প্রতি কেজি চালের ক্রয়মূল্য = x টাকা। অতএব 200 কেজি চালের ক্রয়মূল্য = 200x টাকা।

$\therefore$ 200 কেজি চাল বিক্রয় করে মোট লাভ = 200x টাকার 10%

= 200x × $\frac{10}{100}$=20x টাকা

মনে করুন, বণিক y কেজি চাল 5% ক্ষতিতে এবং (200 – y) কেজি চাল 15% লাভে বিক্রয় করেছিলেন।

Y কেজি চালের দাম yx টাকা এবং (200 – y) কেজি চালের দাম (200 – y)x টাকা

$\therefore$ yx টাকার চাল বিক্রি করে ক্ষতি = yx × $\frac{5}{100}=\frac{yx}{20}$ টাকা

(200 – y)x টাকার চাল বিক্রি করে লাভ = (200 – y)x × $\frac{15}{100}$ টাকা

= $\frac{3x}{20}(200-y)$ টাকা

$\therefore$ মোট লাভ = $\left\{\frac{3x}{20}(200-y)-\frac{yx}{20}\right\}$ টাকা

প্রশ্নানুসারে, $\frac{3x}{20}(200-y)-\frac{yx}{20}=20x$

বা, $\frac{3(200-y)}{20}-\frac{y}{20}=20$ (উভয়পক্ষকে x দ্বারা ভাগ করে)

বা, $\frac{600-3y-y}{20}=20$

বা, –4y = 400 – 600

বা, y = $\frac{200}{4}$ = 50

$\therefore$ বণিক 5% ক্ষতিতে 50 কেজি চাল বিক্রয় করেছিলেন।

10. (c) ব্যাখ্যা: কেউটে যেমন সাপ প্রজাতিভুক্ত তেমনই চিতাবাঘ বিড়াল প্রজাতিভুক্ত।

11. (a) 12. (d) 13. (a) 14. (b) 15. (c) 16. (c) 17. (b) 18. (a) 19. (c) 20. (a) 21. (a) 22. (b) 23. (d) 24. (b) 25. (c) 26. (a) 27. (b)

**সমাধান**:নির্ণেয় লোকসংখ্যা = $80000000\times\left(1+\frac{2}{100}\right)^3$

= 80000000 × $\left(\frac{51}{50}\right)^3$

= 80000000 × $\frac{132651}{125000}$

= 84896640

$\therefore$ 3 বছর পর ওই রাজ্যের লোকসংখ্যা হবে 84896640 .

28. (c) 29. (a) 30. (d)

RICE EDUCATION